তারিখ · 03 · FEB · 2016 ·
পৃষ্ঠা ··· ৫ ··· কলাম ··· ৩ ······

সমকাল

এসএসসি পরীক্ষায় অনিয়ম

# কিশোরগঞ্জে ৫ শিক্ষককে অব্যাহতি

■ **বাজিতপুর (কিশোরগঞ্জ) প্রতিনিধি**

বাজিতপুর হাফেজ আ. রাজ্জাক পাইলট উচ্চ বিদ্যালয়ের এসএসসি পরীক্ষা কেন্দ্রে নির্ধারিত সময়ের ৩৫ মিনিট পরও পরীক্ষা গ্রহণ করায় উপজেলা প্রশাসন ৫ শিক্ষককে অব্যাহতি দেওয়া হয়েছে। শিক্ষা বোর্ডের নির্দেশে অব্যাহতি পাওয়া শিক্ষকরা হলেন- কেন্দ্র সচিব ও পাইলট হাই স্কুলের প্রধান শিক্ষক শরীফুল ইসলাম, দুই শিক্ষক আ. আজিজ ও মো. মহিউদ্দিন এবং সহকারী কেন্দ্র সচিব শাহ মো. আফজল ও হল সুপার মো. কামরুজ্জামান। এ ছাড়া অসদুপায় অবলম্বনের দায়ে এক ছাত্রীকে বহিষ্কার করা হয়েছে।

সোমবার 'বাংলা প্রথমপত্রের পরীক্ষা শেষ হওয়ার পর কেন্দ্র সচিব শরীফুল ইসলাম ওই পরীক্ষার্থীকে সময় বাড়িয়ে দেন। খবর পেয়ে ইউএনও এজেডএম শারজিল হাসান দুপুর ১টা ৩৫ মিনিটে পরীক্ষা কেন্দ্রে গিয়ে ঘটনার প্রমাণ পান। তিনি দায়িত্বরত দুই শিক্ষক আ. আজিজ ও মো. মহিউদ্দিনকে বহিষ্কার করে পুলিশে সোপর্দ করেন।

বাজিতপুরের ইউএনও এজেডএম শারজিল হাসান জানান, ঘটনার পর বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের কাছে এ ব্যাপারে চিঠি দেওয়া হয়েছিল। গতকাল বোর্ড কর্তৃপক্ষ ৫ শিক্ষককে দায়িত্ব থেকে অব্যাহতি দেন।